

# মুগান্ধ

প্রিন্ট: ২৩ জুলাই ২০২৫, ১১:৫০ এএম

## শিক্ষান্তর

# যশোর বোর্ডে এসএসসির খাতা চ্যালেঞ্জ করে আবেদন ৪৯, ৭৭৯



যশোর বুরো

প্রকাশ: ২১ জুলাই ২০২৫, ০৩:০৩ পিএম



যশোর শিক্ষা বোর্ডে এসএসসি ও সমমান পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষার আবেদন পড়েছে ৪৯ হাজার ৭৭৯টি। এর মধ্যে সবচেয়ে বেশি আবেদন পড়েছে ইংরেজিতে। এ বিষয়ে আবেদন পড়েছে ১৬ হাজার ১২৮টি। যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. আব্দুল মতিন এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, গত ১০ জুলাই এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। সবশেষ এসএসসি পরীক্ষায় যশোর বোর্ড থেকে এক লাখ ৩৮ হাজার ৮৫১ পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করে এক লাখ দুই হাজার ৩১৯। ফলাফল প্রকাশের পরের দিন থেকে পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষার আবেদন শুরু হয়। এ বছর ২৪টি বিষয়ে পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষার আবেদন পড়েছে ৪৯ হাজার ৭৭৯টি।

অধ্যাপক ড. আব্দুল মতিন বলেন, মোট আবেদনের মধ্যে ইংরেজি প্রথম পত্রে আট হাজার ৬৪, ইংরেজি দ্বিতীয় পত্রে আট হাজার ৬৪, বাংলা প্রথম পত্রে দুই হাজার ১৭, বাংলা দ্বিতীয় পত্রে দুই হাজার ১৭, গণিতে ছয় হাজার ৮০৩, ভূগোলে এক হাজার ১১৭, ইসলাম ধর্মে এক হাজার ৭৪০ ও হিন্দু ধর্মে ৩০৪।

এছাড়া উচ্চতর গণিতে এক হাজার ৫১৫, বিজ্ঞানে দুই হাজার ১১৯, কৃষি শিক্ষায় এক হাজার ৩৬৮, পদার্থ বিজ্ঞানে দুই হাজার ৭০৮, রসায়নে তিন হাজার ২৭২, জীব বিজ্ঞানে দুই হাজার ১৭৬, পৌরনীতিতে ২৯৯, অথনীতিতে ৫৯৯, ব্যবসায় উদ্যোগে ১৪৩, হিসাব বিজ্ঞানে ৫০৫, চারু ও কারুকলায় দুই, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়ে দুই হাজার ৫১৭, গাহর্ত্য বিজ্ঞানে ১২১, ফিন্যান্স ও ব্যাংকিংয়ে ৩১০, ইতিহাসে এক হাজার ২৬ ও আইসিটিতে ৯৭৩টি আবেদন পড়েছে।